



বাজারে কোনো জিনিসপত্রের দাম বাড়াইনি: খাদ্য প্রতিমন্ত্রী



জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারী। ছবি: সংগৃহীত

দেশের অর্থনীতি বর্তমানে শক্তিশালী অবস্থানে রয়েছে এবং রিজার্ভও আগের যেকোনো সময়ের তুলনায় বেশি বলে মন্তব্য করেছেন জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারী। তিনি বলেন, রেমিট্যান্স ঠিক আছে, রপ্তানি আয় বাড়ছে এবং বিভিন্ন ক্ষেত্রে দেশ এগিয়ে যাচ্ছে। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন দ্বিগুণ হলেও বাজারে কোনো জিনিসপত্রের দাম বাড়াইনি বলেও মন্তব্য করেন তিনি।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে জয়পুরহাট জেলা শহরের শহীদ ডা. আবুল কাশেম ময়দানে ‘পরিকল্পিত সম্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার বিরুদ্ধে’ আয়োজিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জেলা বিএনপি ও সহযোগী সংগঠন এ সমাবেশের আয়োজন করে। এর আগে শহরের প্রধান সড়কে মিছিল অনুষ্ঠিত হয়। প্রতিমন্ত্রী বলেন, দায়িত্ব গ্রহণের পর রমজান মাস এলেও কোনো পণ্যের দাম বাড়াইনি। দীর্ঘ সময়ের মধ্যে এটিই সন্তুষ্ট প্রথম রমজান, যখন বাজারে পণ্যের দাম বাড়াইনি। মধ্যপ্রাচ্যের পরিস্থিতির কারণে জ্বালানি তেলের বড় ধরনের সংকট তৈরি হলেও তা দক্ষতার সঙ্গে মোকাবিলা করা হয়েছে এবং তেলের দাম বাড়ানো হয়নি। পার্শ্ববর্তী দেশগুলোতে তেলের দাম বেশি থাকায় সিঙ্কিটের মাধ্যমে তেল চলে যাওয়ার বিষয়টি উল্লেখ করে তিনি বলেন, এ কারণে কয়েকদিন আগে দাম সমন্বয় করা হয়েছে।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী বিরোধী দলের মতামতকে বিবেচনায় নিয়ে প্রতিটি ক্ষেত্রে রাষ্ট্র পরিচালনা করছেন। জুলাই-আগস্টে যারা শহীদ হয়েছেন, তাদের আত্মার মাগফেরাত কামনা করেন তিনি।

প্রতিমন্ত্রী বলেন, সংসদের দক্ষিণ প্রাজায় জুলাই সনদে স্বাক্ষর করা হয়েছিল এবং সেটি বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী বারবার আহ্বান জানিয়েছেন। সংবিধান সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়েছে। সংবিধান সংশোধন ছাড়া জুলাই সনদ বাস্তবায়ন সম্ভব নয়। কমিটিতে বিরোধী দলের জন্য নির্ধারিত পদ রাখা হয়েছে উল্লেখ করে তিনি তাদের ওই কমিটিতে যোগ দিয়ে আলোচনার মাধ্যমে সংবিধান সংশোধনের আহ্বান জানান। একই সঙ্গে দেশে ফ্যাসিবাদ ও স্বৈরাচারের প্রত্যাবর্তন স্থায়ীভাবে বন্ধ করার কথা বলেন তিনি।

জেলা বিএনপির আহ্বায়ক গোলজার হোসেনের সভাপতিত্বে সমাবেশে জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও জেলা পরিষদের প্রশাসক মাসুদ রানা প্রধান এবং সদর থানা বিএনপির সভাপতি অ্যাডভোকেট হেনা কবিরসহ দলটির স্থানীয় নেতাকর্মীরা বক্তব্য দেন।